

আমার সম্প্রদায়কে আমি কিভাবে সাহায্য করতে পারি?



Social Cohesion Guide for Communities

সম্প্রদায়ের মধ্যে অংশভুক্ত হওয়া

আমরা অনেক কারণে সম্প্রদায় সৃষ্টি করি, আপনি একটি পরিবার, একটি স্কুল, একটি কর্মক্ষেত্র, ক্রীড়া দল বা গির্জার অংশ হতে পারেন, আপনি হয়ত একটি নতুন ভাষা শিখছেন বা অন্যদের সাথে শখ ভাগ করে নিচ্ছেন। আমরা যে সম্প্রদায়ের মধ্যে থাকি না কেন, অংশভুক্ত হওয়া, অন্তর্ভুক্তির অনুভূতি, নিজের মত থাকা এবং কোনও কিছুর অংশ হতে ভাল লাগে।

আমরা সবাই আলাদা কিন্তু আমরা একসাথে এগিয়ে যেতে, আমাদের বৈচিত্রের গুরুত্ব দিতে এবং যখন আমরা একমত নই তখন অন্যদের সম্মান করতে চাই। এটি গুরুত্বপূর্ণ কারণ সবাই মনে করে না যে তারা তাদের মত থাকতে পারে বা বিশ্বাস করে যে তাদের কথা শোনা হবে।

আমরা একটি ক্রমবর্ধমান বৈচিত্র্যময় দেশ যেখানে অনেকগুলি পৃথক সম্প্রদায় রয়েছে এবং আমাদের একে অপরের কথা শোনার এবং একে অপরকে শোনার উপায় খুঁজে বের করতে হবে। আমরা আমাদের পার্থক্য এবং শক্তিগুলি বোঝার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হতে চাই এবং কী আমাদের একত্রিত করে এবং আমাদের আরও কাছাকাছি নিয়ে আসে তা নিয়ে কাজ করতে চাই।

অংশভুক্ত হওয়া

- এটি কি রকম

এমন একটি সমাজ যেখানে লোকেদের মধ্যে ভাল সম্পর্ক আছে, আমরা একে অপরকে জানি, আমাদের প্রতিবেশীদের জানি, আমাদের কর্মক্ষেত্রে অন্তর্ভুক্ত বোধ করি, এবং আমরা জানি যে আমাদের প্রয়োজনের সময় সাহায্য পেতে কোথায় যেতে হয়। আমরা মনে করি যে আমরা এমন লোকদের সাথে কথা বলতে পারি যাদের সাথে হয়ত আমরা সাধারণত কথা বলি না, যখন আমরা লোকেদের বৈষম্যমূলক কথা বলতে শুনি তখন প্রতিবাদ করি এবং আমরা কে, আমরা কোথা থেকে এসেছি এবং কীভাবে আমরা জিনিসগুলি করি তা নির্দিষ্টভাবে ভাগ করে নিতে পারি। সংকটে আমরা কাউকে পিছনে ফেলে যাই না - প্রত্যেককে অন্তর্ভুক্ত করা হয়।

আরো অংশভুক্ত হওয়া গড়ে তোলা

– আপনি কি করতে পারেন

সুতরাং, আরও বেশি লোককে অংশভুক্ত করতে, বৈচিত্র্যকে মেনে নিতে, সংযুক্ত বোধ করতে, অংশ নিতে, অন্যকে বিশ্বাস করতে এবং সম্মানিত বোধ করতে সহায়তা করার জন্য আমরা কী করতে পারি?

অংশভুক্ত হওয়া, অন্যকে বিশ্বাস করা

এমন কারো সাথে কথা বলুন যিনি আপনার থেকে আলাদা। তাদের নাম সঠিকভাবে উচ্চারণ করার চেষ্টা করুন। কী তাদের উৎসাহিত করে তোলে তা সম্মান করুন, তারা কীভাবে জগৎকে দেখেন সে সম্পর্কে জানুন তাদের আপনার ক্রীড়া দলে যোগ দিতে বলুন, তাদের একসঙ্গে ক্রিয়াকলাপে আমন্ত্রণ জানান, আপনার বন্ধুদের সাথে তাদের পরিচয় করিয়ে দিন, তাদের যদি প্রয়োজন থাকে তাহলে তাদের ইংরেজি, Te Reo Māori বা নিউজিল্যান্ড সাইন ল্যাঙ্গুয়েজ শিখতে সহায়তা করুন, এবং তাদের জানা ভাষা বা ভাষাটি সম্পর্কে আপনাকে আরও শেখাতে বলুন।

বৈচিত্র্যকে মেনে নেওয়া, সম্মানিত বোধ করা

- আপনার কর্মক্ষেত্রে কর্মচারী নেটওয়ার্কগুলি গড়ে তুলুন বা সমর্থন করুন যেখানে লোকেরা একে অপরকে সহায়তা করতে পারে এবং জাতি, লিঙ্গ, যৌনতা এবং অন্যান্য পার্থক্যের উপর ভিত্তি করা বৈষম্যের মতো সমস্যাগুলি সমাধান করতে কাজ করতে পারে। আপনার কর্মক্ষেত্রে সমস্ত স্তরে বৈচিত্র্যপূর্ণ প্রতিনিধিত্বের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হতে বলুন
- পেশাগত বা অন্যান্য সম্প্রদায়ের মধ্যে যে সহকর্মী বৈষম্যের সম্মুখীন হচ্ছে তার জন্য Whānau সমর্থক হোন
- বৈষম্য মোকাবেলায় আপনার কর্মক্ষেত্র, কাউন্সিল বা কমিউনিটি গ্রুপের মাধ্যমে ট্রেনিং-এর খোঁজ করুন
- আপনার স্থানীয় কাউন্সিলর বা পার্লামেন্টের মেম্বারকে লিখুন বা বৈষম্যমূলক সমস্যাগুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করার জন্য একটি সরকারী কনসাল্টেশনের কাছে মতামত পেশ করুন।

সংযুক্ত বোধ করা

- একটি সম্প্রদায় মেলা বা প্রতিবেশী দিবসের আয়োজন করুন এবং শিশুদের নিয়ে অংশ নেওয়ার জন্য সম্প্রদায়ের সমস্ত অংশের প্রতিনিধিদের আমন্ত্রণ জানান
- আপনার মত নয় এমন ব্যক্তিদের দ্বারা সংগঠিত সম্প্রদায়ের ইভেন্টগুলিতে উপস্থিত হোন এবং আপনার সমর্থন দেখান
- মহামারীর সময়, একটি কমিউনিটি হল, উপাসনার স্থান বা অন্যান্য স্থানে একটি টিকাদান ক্লিনিক আয়োজন করার দায়িত্ব নেওয়ার প্রস্তাব দিন
- সম্ভাব্য কাউন্সিলর বা MP-দের মধ্যে স্থানীয় বা জাতীয় নির্বাচন বিতর্ক আয়োজন করার দায়িত্ব নিন

- একই ধরনের সম্প্রদায়ের সাথে যোগাযোগ করুন এবং দেখুন কীভাবে আপনি একে অপরের পারস্পরিক লক্ষ্য অর্জনে সহায়তা করতে পারেন
- আপনার marae, উপাসনার স্থান, মসজিদ, গির্জা, ক্লাব রুমগুলি সম্প্রদায়ের কাছে উন্মুক্ত করুন এবং তাদের জানান যে আপনি কে যাতে তারা আপনাকে জানতে পারে।

অংশগ্রহণ করা

- Kōrerorero, Kupu এবং Ako Tahi এর মতো বিনামূল্যে অনলাইন অ্যাপ্লিকেশনগুলি ব্যবহার করে Te Reo Māori, Aotearoa নিউজিল্যান্ডের ইতিহাস, Te Tiriti o Waitangi শিখুন বা Te Wānanga o Aotearoa এর মাধ্যমে একটি কোর্সে সাইন আপ করুন, আপনার স্থানীয় যাদুঘরে ইতিহাস প্রদর্শনীগুলি দেখুন, বা আপনার স্থানীয় লাইব্রেরি থেকে Aotearoa নিউজিল্যান্ডের ইতিহাসের বই ধার করুন।
- যিনি অন্য কারও বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করছেন এমন কারও সাথে বর্ণবাদের প্রতিক্রিয়ার মতো মানবাধিকার কমিশনের ওয়েবসাইটে সংস্থান ব্যবহার করে সাহসের সাথে কথোপকথন করুন
- আপনার সম্প্রদায়ের মধ্যে আরও বেশি অংশভুক্তি আনার জন্য আপনার ধারণাগুলি সম্পর্কে সম্প্রদায়ের পরামর্শদাতাদের সাথে কথা বলুন
- আপনার সম্প্রদায়ের প্রকল্পের জন্য অর্থ জোগার করার জন্য সরকারী সংস্থাগুলিতে ফান্ডিং অ্যাপ্লিকেশনের জন্য আবেদন করুন, অনুদান ব্যবস্থাপনা সিস্টেমের মাধ্যমে বা কমিউনিটি-নেতৃত্বাধীন উন্নয়ন প্রোগ্রামের মাধ্যমে, COGS বা লটারির মতো অর্থায়নের উৎস দিয়ে শুরু করুন। অন্যান্য তহবিলও পাওয়া যাবে - বিকল্পগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য জিজ্ঞাসা করুন।

